



রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী
ঋণ ও অগ্রিম বিভাগ-২

ফোন: ০৭২১-৮৬২৪৬২
ফ্যাক্স: ০৭২১-৮৬২৪৬৬
Email: dgmlad2@rakub.org.bd
Web : www.rakub.org.bd

সার্কুলার লেটার নং-০১/২০১৬

তারিখ : ০১-০৩-২০১৬

সকল জোনাল ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

বিষয় : আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রমের আওতায় ১০ টাকার হিসাবধারী ক্ষুদ্র/প্রান্তিক/ভূমিহীন কৃষক, প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত নিম্ন আয়ের পেশাজীবী এবং প্রান্তিক/ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য পুনঃঅর্থায়ন স্কীম।

উপর্যুক্ত বিষয়ে রাকাব, ঋণ ও অগ্রিম বিভাগ-২, প্রধান কার্যালয়, রাজশাহী কর্তৃক গত ২০-১১-২০১৪ তারিখে জারীকৃত ০৪/২০১৪ নম্বর পরিপত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রমের আওতায় ১০ টাকার হিসাবধারী ক্ষুদ্র/প্রান্তিক/ভূমিহীন কৃষক, প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত নিম্ন আয়ের পেশাজীবী এবং প্রান্তিক/ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমকে গতিশীল করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট, প্রধান কার্যালয়, ঢাকা কর্তৃক এতদসংক্রান্ত সার্কুলারে কিছু সংশোধনী পূর্বক ২০-০১-২০১৬ তারিখে এফআইডি সার্কুলার লেটার নং : ০১/২০১৬ জারী করা হয়েছে (অপর পৃষ্ঠায় মুদ্রিত)। বাংলাদেশ ব্যাংকের উল্লিখিত নির্দেশনার প্রেক্ষিতে এই ব্যাংকের এতদসংক্রান্ত গত ২০-১১-২০১৪ তারিখের ০৪/২০১৪ নম্বর পরিপত্রের ৮.১১ এবং ৮.১৫ নম্বর অনুচ্ছেদ নিম্নরূপে প্রতিস্থাপিত হলো :

“৮.১১ ঋণ আদায় পদ্ধতিঃ

যে মাসের যে তারিখে ঋণ বিতরণ করা হবে পরবর্তী মাসের সেই তারিখ হতে ১২টি সমান মাসিক কিস্তিতে এক বছরে সুদাসলে ঋণটি আদায়যোগ্য হবে। কিস্তি আদায়ের তারিখ যদি ছুটির দিন হয় সেক্ষেত্রে পরবর্তী কার্যদিবসে কিস্তির অর্থ সুদসহ আদায় করতে হবে। তবে পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় কৃষি ঋণ নীতিমালায় বর্ণিত কৃষিখাতসমূহে ব্যাংক কর্তৃক গ্রাহক পর্যায়ে সরাসরি ঋণ বিতরণের ক্ষেত্রে শাখা কর্তৃক নিজস্ব বিবেচনায় সময় ঋণ আদায়ের জন্য একটি বা একাধিক কিস্তি নির্ধারণ করতে পারবে।”

“৮.১৫ ঋণের পরিমাণ নির্ধারণঃ

গ্রাহক প্রতি সর্বোচ্চ ৫০,০০০.০০ টাকা ঋণ মঞ্জুরের বিধান থাকলেও প্রকৃত চাহিদার আলোকে তা নির্ধারণ করতে হবে। এককভাবে সর্বোচ্চ ৫০ হাজার টাকা ঋণ প্রদানের ক্ষেত্রে সিআইবি রিপোর্ট গ্রহণের আবশ্যিকতা নেই। খেলাপী ঋণ গ্রহীতার অনুকূলে ঋণ সুবিধা প্রদান না করার বিষয়টি শাখাসমূহ নিশ্চিত করবে।”

পরিপত্রের অন্যান্য সকল শর্ত অপরিবর্তিত থাকবে। জোনাল ব্যবস্থাপকগণকে এই সার্কুলার লেটারের কপি সকল শাখায় প্রেরণ ও বাস্তবায়ন নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

এই ঋণ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে-

(মোঃ সাইদুর রহমান)
উপ-মহাব্যবস্থাপক
টেলিফোন : ৮৬২৪৬২

প্রকা/ঋণওঅবি-২/(১১৩)/২০১৫-২০১৬/২৫৭(৩৮৬)/৪৯

তারিখ : ০১-০৩-২০১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৩। ষ্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, নিরীক্ষা, হিসাব ও আদায়/পরিচালন/প্রশাসন মহাবিভাগ, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৪। ষ্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের কার্যালয়, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/ইউনিট ও সেল প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৬। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ৭। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
- ৮। প্রকল্প পরিচালক, এসইসিপি, উপশহর, রাজশাহী।
- ৯। ব্যবস্থাপক (সহকারী মহাব্যবস্থাপক), রাকাব, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী/ঢাকা কর্পোরেট শাখা।
- ১০। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১১। অফিস নথি/মহানথি।

(শওকত শহীদুল ইসলাম)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা

৩৬৭৮
০৭.০৩.১৬



ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

www.bb.org.bd

Mr. Hamf
6/29.05.23

এফআইডি সার্কুলার লেটার নং : ০১/২০১৬

তারিখ : ২০ জানুয়ারি ২০১৬
৭ মাঘ ১৪২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

শ্রিয় মহোদয়,

**আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রমের আওতায় ১০ টাকার হিসাবধারী ক্ষুদ্র/প্রান্তিক/ভূমিহীন কৃষক, প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত
নিম্ন আয়ের পেশাজীবী ও প্রান্তিক/ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য পুনঃঅর্থায়ন স্কীম।**

শিরোনামোক্ত বিষয়ে ১৪ মে ২০১৪ তারিখের জিবিসিএসআরডি সার্কুলার নং : ০১/২০১৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

সার্কুলারে বর্ণিত পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমকে গতিশীল করার নিমিত্তে নিম্নোক্ত পদ্ধতিসমূহ অনুসরণের জন্য আপনাদেরকে পরামর্শ প্রদান করা যাচ্ছেঃ

১) পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় কৃষি ঋণ নীতিমালয় বর্ণিত কৃষিখাতসমূহে ব্যাংক কর্তৃক গ্রাহক পর্যায়ে সরাসরি ঋণ বিতরণের ক্ষেত্রে ব্যাংক তার নিজস্ব বিবেচনায় সমুদয় ঋণ আদায়ের জন্য একটি বা একাধিক কিস্তি নির্ধারণ করতে পারবে।

২) পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় এককভাবে সর্বোচ্চ ৫০ হাজার টাকা ঋণ প্রদানের ক্ষেত্রে সিআইবি রিপোর্ট গ্রহণের আবশ্যিকতা নেই। তবে খেলাপী ঋণ গ্রহীতার অনুকূলে ঋণ সুবিধা প্রদান না করার বিষয়টি ব্যাংকগুলোকে নিশ্চিত করতে হবে।

সার্কুলারে বর্ণিত অপরাপর নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

আপনাদের বিশ্বস্ত,


(নুরুল হাহার)
মহাব্যবস্থাপক
ফোন : ৯৫৩০৩৪৩

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
তথ্য ও যোগাযোগ সেবা বিভাগ
ডায়েরী নং: ২৬৭৭.....
তারিখ: ০৭.০১.২৩
মাঘ ১৪২২